



পুলিশের যানবাহনের নিরাপত্তায় দেশজুড়ে বিশেষ সতর্কতা



ছবি: সংগৃহীত

দেশব্যাপী পুলিশের ব্যবহৃত যানবাহনে সম্ভাব্য নাশকতার আশঙ্কায় নিরাপত্তা জোরদারের নির্দেশ দিয়েছে পুলিশ সদর দপ্তর। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে দেশের সব ইউনিটকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হয়েছে।

শনিবার (১ আগস্ট) পুলিশ সদর দপ্তরের অপারেশন্স কন্ট্রোল থেকে পাঠানো এক জরুরি বার্তায় এ নির্দেশ দেওয়া হয়।

নির্দেশনায় বলা হয়েছে, ডিউটিতে থাকা কিংবা ডিউটি শেষে রাখা সব পুলিশি যানবাহনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। প্রয়োজন ছাড়া কোনো যানবাহন ফেলে রাখা যাবে না এবং সাময়িকভাবে থামাতে হলেও তা নিরাপদ স্থানে রাখতে হবে। একই সঙ্গে যানবাহন সার্বক্ষণিক নজরদারির আওতায় রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

এ ছাড়া থানা, পুলিশ লাইনস, অফিস প্রাঙ্গণসহ সরকারি যানবাহন রাখা হয় এমন স্থানে টহল ও নজরদারি বাড়ানোর পাশাপাশি সন্দেহজনক ব্যক্তি বা বস্তু শনাক্তে সতর্ক থাকতে বলা হয়েছে।

পুলিশ সদর দপ্তর বিষয়টিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে মহানগর, রেঞ্জ, জেলা ও অন্যান্য ইউনিটকে নির্দেশনাগুলো কঠোরভাবে বাস্তবায়নের আহ্বান জানিয়েছে। তবে সম্ভাব্য হুমকির উৎস বা কোনো নির্দিষ্ট সংগঠনের নাম প্রকাশ করা হয়নি।

এ বিষয়ে এআইজি (মিডিয়া অ্যান্ড পিআর) এ এইচ এম শাহাদাত হোসাইন বলেন, পুলিশ সদস্য ও সরকারি যানবাহনের নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিতভাবেই এ ধরনের নির্দেশনা দেওয়া হয়। এতে উদ্দিগ্ন হওয়ার কোনো কারণ নেই।